

ইবিতে ছাত্রী নির্যাতন: শোকজের জবাব দিয়েছেন তিন অভিযুক্ত

ইবি প্রতিনিধি

৫ এপ্রিল ২০২৩ ০৮:৪৬ পিএম |
আপডেট: ৫ এপ্রিল ২০২৩ ০৮:৪৬
পিএম

5
Shares



ইসলামী বিশ্ববিদ্যালয়ের তিন অভিযুক্ত। ফাইল ছবি

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) দেশরত্ন শেখ হাসিনা হলে ছাত্রী নির্যাতনের ঘটনায় বাকি তিন অভিযুক্ত ছাত্রী শোকজের জবাব দিয়েছেন। আজ বুধবার বিকেলে বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ.এম আলী হাসান। তিন অভিযুক্তদের জবাব দেওয়ার শেষ দিন ছিলো আজ।

এর আগে গত ৪ মার্চ ছাত্রী নির্যাতনের ঘটনায় ছাত্র শৃঙ্খলা কমিটির বৈঠকে পাঁচ অভিযুক্তকে সাময়িক বহিষ্কার করে সাত কার্যদিবসের মধ্যে কেনো তাদের স্থায়ী বহিষ্কার করা হবে না এ মর্মে কারণ দর্শানোর নোটিশ দেয় বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত ১৫ মার্চের মধ্যে অভিযুক্তদের জবাব দিতে বলা হয়।

advertisement

নির্দিষ্ট সময়ের মাঝে ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের তাবাসসুম ইসলাম ও মোয়াবিয়া জাহান জবাব দিয়েছেন। অপরদিকে বাকি তিন অভিযুক্ত পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থী ও ছাত্রলীগ নেত্রী সানজিদা চৌধুরী অন্তরা, আইন বিভাগের ইসরাত জাহান মিম ও চারুকলা বিভাগের হালিমা আক্তার উর্মি জবাব না দিয়ে সময় বাড়ানোর আবেদন করেন। আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২৯ মার্চ বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের জবাব দেওয়ার সময়সীমা আজ বুধবার পর্যন্ত বাড়িয়ে দেয়।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ.এম আলী হাসান বলেন, ‘আমরা অভিযুক্ত পাঁচ জনের জবাব পেয়েছি। এখন ছাত্র শৃঙ্খলা কমিটি পর্যালোচনা করে একাডেমি কাউন্সিলে পাঠাবে। পরে চূড়ান্ত সিদ্ধান্ত হবে সিডিকেটে।’